Office of the Provost
Haji Muhammad Mohsin Hall
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone:8809666911463/4440/4441
E-mail : mohsinhall@du.ac.bd



নং: ১০১/৪৪/২০২৫-২০২৬ তারিখ: ২৪/০৮/২০২৬

# বিজ্ঞপ্তি

## প্রভোস্ট অ্যাওয়ার্ড ২০২৬ এর জন্য দরখাস্ত আহ্বান

এতদ্বারা হাজী মুহম্মদ মুহসীন হলের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, হল কর্তৃপক্ষ বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে স্নাতক বা স্নাতকোত্তর বা উভয় পর্যায়ে প্রথম স্থান অর্জনকারীদের প্রভোস্ট অ্যাওয়ার্ড প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। চলতি বছর এর আওতায় ২০১০-২০১১ হতে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ পর্যন্ত হলের যে সকল শিক্ষার্থী স্নাতক বা স্নাতকোত্তর বা উভয় পর্যায়ে প্রথম স্থান অর্জন করেছে, তাদের প্রভোস্ট অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউট, চেয়ারম্যান/পরিচালকের মাধ্যমে নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ও সহশিক্ষা কার্যক্রমের বিবরণ (যদি থাকে) উল্লেখপূর্বক আগামী ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে হল প্রাধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে বিস্তারিত জীবন-বৃত্তান্ত এবং সদ্য তোলা ০১ (এক) কপি ছবি হল অফিসে জমা দিতে হবে।

যেসব কারণে অ্যাওয়ার্ড প্রদান করা হবেনা ঃ

১। আবেদনকারীর বিরুদ্ধে হলে কিংবা বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক বা একাডেমিক শৃঙ্খলাভঙ্গের অভিযোগে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়ে থাকলে কিংবা উক্তরূপ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন থাকলে;

২। আবেদনকারীর নিকট হল কিংবা বিশ্ববিদ্যালয়ের কোন বকেয়া দাবি থাকলে;

৩। ভুল, অসত্য কিংবা প্রতারণামূলক তথ্য প্রদান করলে।

৪। অ্যাওয়ার্ড মনোনয়নে অ্যাওয়ার্ড কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

24-08-26

অধ্যাপক ড. মোহাম্মদ শাহজাহান
আহবায়ক
প্রভোস্ট অ্যাওয়ার্ড কমিটি ২০২৬
হাজী মুহম্মদ মুহসীন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়

বি: দ্র: আবেদন পত্র স্বক্ষরিত ও এর ভাষা নির্ভুল এবং মর্জিত হওয়া কাম্য।